[redacted]

‘[redacted], [redacted]’ [redacted] ‘ [redacted], [redacted]’ [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [

দামুড়হুদায় আইন-শৃঙ্খলা বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা আইন-শৃঙ্খলা, চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা সাড়ে ১২ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে নির্বাহী অফিসারের কার্যালয়ে মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর, দর্শনা থানার ওসি তদন্ত আমান, দর্শনা কোম্পানী কমান্ডার সুবেদার জহির উদ্দিন বাবর, মুন্সিপুর কোম্পানী নায়েব সুবেদার মো: সাইফুল ইসলাম, দর্শনা সরকারি কলেজের প্রভাষক মেহেদী হাসান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার মহিব্বুল্লাহ্, দামুড়হুদা মডেল মসজিদের পেশ ঈমান মামুনুর রশীদ, ইসলামিক ফাউণ্ডেশনের ফিল্ড সুপারভাইজার মোছা: মারিয়া মাহবুবা, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে যুব সমাবেশ অনুষ্ঠিত

জঙ্গিবাদ সন্ত্রাসবাদ ও মাদকবিরোধী কার্যক্রমে যুবদের ভূমিকা শীর্ষক আলোচনা সবার আয়োজন করা হয়। রবিবার দুপুরে মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তরে জঙ্গিবাদ সন্ত্রাসবাদ ও মাদকবিরোধী কার্যক্রমে যুব সমাবেশ ও আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসক মো: শামীম হাসানের সভাপতিত্বে যুব উন্নয়ন অধিদপ্তরের কম্পিউটার প্রশিক্ষক মাসুদ আল আহসান নবেলের সঞ্চালনায়

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আজহারুল ইসলাম খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পুলিশ সুপার পিপিএম সেবা রাফিউল আলম, যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক আব্দুল হামিদ খান, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট মোঃ আব্দুস সালাম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারি পরিচালক শিরিন আক্তার, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিউর রহমান মতিন, বারাদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামান সহ বিভিন্ন নেতাকর্মী এবং মেহেরপুর যুব উন্নয়নের ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন।

গাংনীতে ৪র্থ লেখক-পাঠক সম্মেলন ২০২৩ অনুষ্ঠিত

আড়ম্বর পরিবেশে গাংনীতে বৃহত্তর কুষ্টিয়া জেলা লেখক-পাঠক ফোরামের ৪র্থ সম্মেলন ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার দিনব্যাপী বৃহত্তর কৃষ্টিয়া জেলা লেখক পাঠক ফোরামের আয়োজনে গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

আয়োজনের মধ্যে ছিল লেখক পাঠকদের পরিচিতি ও সংক্ষিপ্ত আলোচনা সভা ও স্বরচিত কবিতা পাঠ।

সম্মেলনে গাংনী উপজেলা, চুয়াডাঙ্গা, জীবননগর, দামুড়হুদা, কুষ্টিয়া, আলমডাঙ্গা, মেহেরপুর জেলার প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে ছিটিয়ে থাকা কবি-সাহিত্যিক ও পাঠকবৃন্দ অংশ গ্রহণ করেন।

পরিশেষে কুষ্টিয়া জেলা লেখক পাঠক ফোরামের পক্ষ থেকে বিশিষ্ট ছড়াকার -কবি হিসাবে স্বীকৃতি লাভ করায় চুয়াডাঙ্গার দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার সিনিয়র সাংবাদিক ও বার্তা সম্পাদক কবি আহাদ আলী মোল্লাকে সম্মাননা স্মারক ক্রেষ্ট উপহার প্রদান করা হয়।

শেষে অতিথিবৃন্দ সম্মেলনের ভূঁয়শী প্রশংসা করে মূল্যায়ন বক্তব্য রাখেন।

মুজিবনগরে যুবমহিলা লীগের সমাবেশ ও উঠান বৈঠক অনুষ্ঠিত

সরকারের সাফল্য ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা তৃণমূল পর্যায়ে পৌছে দিতে মুজিবনগরে যুব মহিলা লীগের সমাবেশ ও উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামে মুজিবনগর আম্রকানন মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে বাগোয়ান ইউনিয়ন যুবমহিলালীগের আয়োজনে এই সমাবেশ ও উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অনুষ্ঠানে মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড: রুতশোভা মন্ডলের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ যুব মহিলালীগ কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি সৈয়দা মোনালিসা ইসলাম।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবমহিলা লীগের সভাপতি সমিউন বাসিরা পলি, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, মুজিবনগর

উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক তহমিনা খাতুন।

এর আগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি ও বাংলাদেশ যুব মহিলা লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সহ-সভাপতি সৈয়দা মোনালিসা ইসলাম অনুষ্ঠানের স্থলে পৌঁছালে তাদেরকে ফুল দিয়ে বরণ করে নেন যুব মহিলা লীগের নেতাকর্মীবৃন্দ।

মেহেরপুরের যুগিন্দায় শিক্ষার মান উন্নয়নে উঠান বৈঠক অনুষ্ঠিত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, সবার জন্য মান সম্মত শিক্ষা ও ঝরে পড়া রোধ ও অনিয়মিত বিদ্যালয়ে আসা ছাত্রছাত্রীদের অভিভাবকদের নিয়ে আজ রবিবার সকাল ১০ টার দিকে বারাদী ইউনিয়নের যুগিন্দা সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে এক উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযান এর সহযোগীতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও বারাদী কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো: মাসুম রানার উপস্থাপনায় আয়োজিত সভায় প্রধান শিক্ষক মো: আ: কুদ্দুস সভাপতিত্ব করেন। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

আরো বক্তব্য রাখেন ওয়াচ গ্রুপের সভাপতি আইনাল হক ও ওয়াচ সদস্য ছাকন আলী। এ সময় অনুষ্ঠানে অভিভাবকগণ সহ, জন প্রতিনিধি, এস এম সি, ও ওয়াচ গ্রুপ সদস্য সহ অভিভাবকগণ উপস্থিত ছিলেন এবং বক্তব্য রাখেন।

সভায় ঝরে পড়া, বাল্যবিবাহ রোধসহ ছাত্রছাত্রীদের অনিয়মিত বিদ্যালয়ে আসা দুর করতে এস.এম.সি, শিক্ষক, পিটিএ ও ওয়াচ কমিটি একসাথে কাজ করতে পৃথক কর্মসূচী গ্রহন করা।

চুয়াডাঙ্গা জেলা দুর্নীতি কমিটির মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা ও উপজেলা দুর্নীতি কমিটির সদস্যদের সাথে দুর্নীতি দমন কমিশনারের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকাল সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দুর্নীতি দমন কমিশনার (অনুসন্ধান) আছিয়া খাতুন। এ সময় তিনি বলেন, কেবল আইন করে দুর্নীতি বন্ধ করা যাবে না। দুর্নীতি বন্ধ করতে হলে সারা দেশের জনগণসহ তরুণ সমাজকে এগিয়ে আসতে হবে। তিনি আরো বলেন, দুর্নীতি প্রতিরোধে জনগণকে সচেতন করার কার্যক্রম চলছে। এরপরও যারা নিয়ম-কানুন না মেনে দুর্নীতি-অনিয়ম করেছে, অবৈধভাবে অর্থসম্পদের মালিক হচ্ছে তাদের জন্য বার্তা হচ্ছে, দুর্নীতি দমন কমিশন তৎপর রয়েছে। যেকোনো বিষয় দল মত নির্বিশেষে কমিশন খতিয়ে দেখে ব্যবস্থা নেবে।

এ সময় তিনি সরকারি দপ্তরের কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন, জনগণকে হাসিমুখে সেবা দিতে হবে। সেবা নিতে গিয়ে মানুষ যেন হয়রানির স্বীকার না হয়, সেদিকে লক্ষ্য রাখতে হবে। বিদ্যালয়গুলোতে সততা স্টোর বাড়ানোর উপর গুরুত্বারোপ করেন তিনি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দুর্নীতি দমন কমিশনের বিভাগীয় পরিচালক মনজুর মোর্শেদ, চুয়াডাঙ্গা পুলিশ সুপার আবদুল্লাহ আল মামুন,চুয়াডাঙ্গা জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি অধ্যাপক সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তবিবুর রহমান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজীব হাসান কচিসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীর বাওটে উঠান বৈঠক অনুষ্ঠিত

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের বাওট সোলাইমানী মাধ্যমিক বিদ্যালয় হলরুমে গ্রামের নারীদের নিয়ে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

রাইপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সামসুজ্জামান মঙ্গলের সভাপতিত্বে অনুষ্ঠিত উঠান বৈঠকে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের এমপি পত্নি মোছা: লাইলা আরজুমান বানু।

বাওট গ্রাম আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও বাওট সোলাইমানী মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি সাবেক মেম্বর সাহবুদ্দীনের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন, গ্রাম আওয়ামীলীগের সভাপতি আব্দুল গনি, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু, মটমুড়া ইউনিয়ন পরিষদের ৪.৫,৬ নং ওয়ার্ডের মেম্বর শিল্পি খাতুন, সাহারবাটি ইউনিয়ন পরিষদের সংরক্ষিত নারী সদস্য ফেরদৌসী খাতুন প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে লাইলা আরজুমান বানু বলেন, বর্তমান সরকার বিধবা, স্বামী পরিত্যক্তা, বয়স্ক নারীদের জন্য ভাতা চালু করেছেন। সরকার দেশের সকল ক্ষেত্রে উন্নয়ন করে চলেছেন। নারীরা আজ নির্বিঘ্নে রাস্তায় চলাচল করতে পারছেন। তাই সরকারকে আবারও ক্ষমতায় আনতে নারীদের এগিয়ে আসতে হবে। দেশের উন্নয়ন ও অগ্রগতি ধরে রাখতে নৌকা মার্কায় ভোট দিতে হবে।

উঠান বৈঠকে এলাকায় বিভিন্ন শ্রেনীর পেশার নারীরা অংশ নেন।

দর্শনায় হাজী সমিতির বার্ষিক হাজী মিলনী মাহফিল অনুষ্ঠিত

দর্শনায় হাজী সমিতির আয়োজনে হাজী মিলনী মাহফিল অনুষ্টিত হয়েছে। আজ শনিবার সকাল ১১ টায় দর্শনা অডিটোরিয়াম কাম কমিউনিটি সেন্টারে সভার সভাপতিত্ব করেন হাজী সমিতির সভাপতি হাজী ফজলুল হক।

প্রধান অতিথীর বক্তব্যে চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর বলেন, শেখ হাসিনা সরকার ইসলামের প্রসারে ব্যাপক কর্মসৃচী বাস্তবায়ন করেছে। প্রত্যক উপজেলায় একটি করে মডেল মসজিদ নির্মাণ করে যুগান্তরী ইতিহাস সৃষ্টি করেছে। ব্যাপক উন্নয়ন হয়েছে মসজিদ মাদ্রাসাসহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্টানের।

বিশেষ অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মনসুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, দর্শনা থানার ওসি তদন্ত এস এম আমান উল্লা আমান, এছাড়াও হাজী সমিতির নেতৃবৃন্দসহ সকল সদস্য বৃন্দ।

জমকালো আয়োজনে আলমডাঙ্গা বণিক সমিতির ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

জমকালো আয়োজনে আলমডাঙ্গায় বণিক সমিতির ত্রি-বার্ষিক সম্মেলন-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকাল ১০ টায় আলমডাঙ্গা সরকারি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সকালে মঞ্চ প্রাঙ্গণে বণিক সমিতির নেতৃবৃন্দ জাতীয় ও বণিক সমিতির পতাকা উত্তোলন করেন। পরে অতিথিদের ফুলেল শুভেচ্ছায় শিক্ত করা হয়।

এছাড়াও সমিতির তিন বছরের আয় ব্যয়ের হিসেবে তুলে ধরা হয়। কোরআন তেলওয়াত ও গীতা পাঠের মধ্য দিয়ে আলোচনা সভা শুরু হয়।

ত্রি-বার্ষিক সম্মেলনের আলোচনা সভায় আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি ও পৌর আলহাজ্ব মেয়র হাসান কাদির গনু।

সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে হাসান কাদির গনু বলেন,বণিক সমিতির সব সময়ই ব্যবসায়ী ও মানুষের কল্যাণে কাজ করে আসছে। বিগত দিনে দেখা গেছে বিভিন্ন সময়ে মানুষের কল্যাণে পাশে দাঁড়িয়েছে। এজন্য আমি বৃহৎ এই সংগঠনকে ধন্যবাদ জানায়। আমরা পৌর সভায় পরিচ্ছন্ন রাখতে কাজ করে যাচ্ছি। এজন্য বণিক সমিতির সহযোগিতা একান্ত প্রয়োজন। আমাদের সাথে আপনারাও যদি এগিয়ে আসেন তাহলে আলমডাঙ্গা একটি সুন্দর ও পরিচ্ছন্ন শহর হিসেবে গড়ে তুলতে পারবো।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি (অপারেশন) ফরিদ উদ্দিন, বণিক সমিতির সাবেক সভাপতি বীরমুক্তিযোদ্ধা আলহাজ্ব মো: শমসের আলি মল্লিক, আলহাজ্ব মো: রফিকুল ইসলাম, আলহাজ্ব মো: মকবুল হোসেন, বণিক সমিতির সাবেক সাধারণ সম্পাদক মো: আমিনুল হক ঘেটু ও রবিউল ইসলাম পকু, সেকেন্দার আলী কচি, বিশিষ্ট ব্যবসায়ী আলগাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা।

ত্রি-বার্ষিক সম্মেলনে প্রভাষক একে এম ফারুক হোসেন, ও বণিক সমিতির সাধারণ সম্পাদক মো: কামাল হোসেন ও হাবিবুল করিম চনচলের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন আলমডাঙ্গা বণিক সমিতির সহ-সভাপতি আলহাজ্ব একেএম এনামুল কবির, কামরুজ্জামান হিরা, সহ-সম্পাদক হাজী মো: রফিকুল আলম, শরিফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আব্দুল লতিফ, দপ্তর সম্পাদক আইয়ুবুর রহমান, ধর্ম সম্পাদক মো: মোতালেব হোসেন, ক্রিড়া সম্পাদক বাবলুর রহমান। এছাড়াও ত্রি-বার্ষিক সম্মেলনে কার্যনির্বাহী সকল সদস্য উপস্থিত ছিলেন।